গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন, ১,কাওরান বাজার
ঢাকা।

স্মারক নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৯৬৩.২৫/৩২৭০

তারিখঃ ২৮ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

## পুনঃবিজ্ঞপ্তি

**বিষয়ঃ** আগামী ২১-২৪ এপ্রিল, ২০২৬ সময়ে জার্মানির ফ্রাংকফুর্টে অনুষ্ঠেয় Techtextil-2026 শীর্ষক মেলায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ২১-২৪ এপ্রিল, ২০২৬ সময়ে Techtextil-2026 শীর্ষক মেলাটি Germany, Frankfurt–এ অনুষ্ঠিত হবে। মেলাটি ২০২৫-২০২৬ অর্থবছরের মেলা ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত রয়েছে। এক (০১) বছর অন্তর অনুষ্ঠিত এই মেলাটি ইউরোপীয় অঞ্চলের রপ্তানি বাণিজ্যের হাব হিসেবে পরিচিত জার্মানিতে Apparel Textiles সেক্টরের ক্রেতা অন্বেষণের স্বার্থে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মেলার তথ্যাদি নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| মেলার নাম | : | Techtextil-2026 |
| মেলার সময়কাল | : | 21-24 April, 2026 |
| মেলার ভেন্যু | : | Messe Frankfurt, Germany. |
| আয়োজক সংস্থা | : | Messe Frankfurt Exhibition GmbH |
| বুথের সাইজ | : | 9 sqm (2 side open) |
| বুথ ভাড়া | : | টাকা ৯,২৩,৫০৫.০০ (নয় লক্ষ তেইশ হাজার পাঁচশত পাঁচ) মাত্র (প্যাভিলিয়ন ও বুথ নির্মাণ খরচসহ) |
| প্রদর্শনী পণ্যঃ | : | Performance Apparel Textiles (High performance Technicel Textiles, Quick-Dry, Stretch, Sportwear, Activewear, Outdoor wear Fabric etc.) |

০২। মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে বুথ মুল্যের উপর প্রতিষ্ঠানের রপ্তানি আয় বিবেচনাপূর্বক নিম্নবর্ণিত মেট্রিক্স-এ উল্লেখিত হারে ভর্তুকি প্রদান করা হবেঃ

**(I) তৈরী পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ**

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | ১০ এর উপরে | "ক" | ৩০% |
| ০২ | ০৫-১০ | "খ" | ৪০% |
| ০৩ | ০৫-নতুন রপ্তানিকারক | "গ" | ৫০% |

**(II) বিশেষ খাতঃ**

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | নারী উদ্যোক্তা | - | ৬০% |

**(III)** বায়িং হাউজ প্রতিষ্ঠানসমূহকে (BGBA-এর সদস্যভুক্ত) প্রযোজ্য ক্ষেত্রে রপ্তানি আদেশ প্রাপ্তি ও রপ্তানির বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (রপ্তানিকারক প্রতিষ্ঠান) থেকে প্রমাণকসহ প্রত্যয়ন দাখিল সাপেক্ষে বুথ মুল্যের উপর সর্বোচ্চ ৪০% ভর্তুকি প্রদান করা হবে।

০৩। স্মর্তব্য, সাবসিডি শুধুমাত্র একটি বুথের জন্য প্রযোজ্য। কোন প্রতিষ্ঠান বা কোন গ্রুপের Strategic Business Unit একের অধিক বুথ নিলে অতিরিক্ত বুথের জন্য ১০০% অর্থ প্রদান করতে হবে

০৪। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি রপ্তানি উন্নয়ন ব্যুরো-এর অনুকূলে পে-অর্ডারসহ যাবতীয় সকল ডকুমেন্টস আগামী ২৬-০১-২০২৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। আবেদনপত্রের সাথে (অংশগ্রহণকারী প্রতিনিধির জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ইআরসি, সর্বশেষ অর্থবছরের পিআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী সর্বোচ্চ ০২ জন (দুই জন) প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, ৩০০ টাকা মুল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে স্বাক্ষরসহ সংশ্লিষ্ট প্রতিনিধিদের অঙ্গীকারনামা, সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্যপদের সত্যায়িত সনদপত্রসহ) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে।



CamScanner

০৫। উল্লেখ্য, ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়-দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে/ভিসা প্রাপ্ত না হলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠান মনোনীত না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।

২১/১/২৬

(মোহাম্মদ ওয়ারেছ হোসেন)
পরিচালক (উপসচিব)
মেলা ও প্রদর্শনী বিভাগ

**বিতরন : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং-৭/৭এ, সেক্টর নং-১৭, ব্লক নং-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০, ই-মেইল: info@bgmea.com, fair@bgmea.com.bd
২. সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: bkfair@bkmea.com
৩. সভাপতি,বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা। ই-মেইল: btma2@yahoo.com
৪. সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়েল লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, পল্টন টাওয়ার , ৮৭ পুরানা পল্টন লেন (সাউথইস্ট কর্নার),ঢাকা-১০০০।
E-mail: bttla@aitlbd.net
৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ বায়িং হাউজ এসোসিয়েশন, হাউজ নং-০৬, রোড-১০, সেক্টর-১৫/সি-১, উত্তরা, ঢাকা। ফোনঃ 01329630512, E-mail:info@bgbabd.org, office@bgbabd.org
৬. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। স্টাফ অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। পি এ টু, মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। পি এ টু, পরিচালক (মেলা), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (পরিচালক (মেলা) মহোদয়ের সদয় অবগতির জন্য)।



CamScanner